

## কলাপাড়ায় পাঁচ আলিম পরীক্ষার্থী বিপাকে

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, ৩১  
মার্চ। মোহাম্মদ আলী এ বছর আলিম  
পরীক্ষার্থী। পহেলা এপ্রিল তার  
পরীক্ষা শুরু হচ্ছে। গেপুপাড়া  
নেছারুদ্দিন ফাজিল মাদ্রাসার  
শিক্ষার্থী। মঙ্গলবার প্রবেশপত্র সংগ্রহ

প্রবেশপত্রে ছবি  
ঠিক নেই

করেছে। প্রবেশপত্রে তার রোল  
নম্বর-১৪৯৩৮১, রেজিস্ট্রেশন  
নম্বরসহ সব তথ্য ঠিকঠাক রয়েছে।  
কিন্তু প্রবেশপত্রে তার ছবির পরিবর্তে  
রয়েছে আরেক পরীক্ষার্থী আলীমের  
ছবি। একই অবস্থা পরীক্ষার্থী মিরাজ,  
নূরুল আলম ও আলীমের। এছাড়া  
আব্দুল্লাহর প্রবেশপত্রে আসেনি। তার  
ফরম ফিলাপ হয়নি। এদের পরীক্ষা  
দেয়া অনিশ্চিত্য হয়ে গেছে। এ সব

পরীক্ষার্থী এখন দু'চোখে সর্ব্বফল  
দেখছেন। মঙ্গলবার মাদ্রাসায়  
ভারপ্রাপ্ত অধ্যক্ষ মুঃ নাছির আহমদের  
কাছে গিয়েছে। তিনি সবকিছু  
ঠিকঠাক করতে প্রত্যেকের খরচ  
স্বয়ং হস্তে চালাবেন বলে শিক্ষককে  
পঠাবেন তার বোর্ডে যাওয়া-আসার  
খরচও দিতে হবে বলা হয়েছে।  
শিক্ষকরা যাই বলুক ন্যূনকেন পাঁচ  
শিক্ষার্থী বিমর্ষ হয়ে পড়েছেন। এ  
ব্যাপারে মুঃ নাছির আহমদ জানান,

এদের কাগজপত্র দুই/তিন দিনের  
মধ্যে ঠিক করে দেয়া হবে। পরীক্ষা  
দিতে কোন সমস্যা নেই। বইয়ের  
কম্পিউটার দোকান থেকে করানোর  
কারণে এ সমস্যা হয়েছে বলে তার  
দাবি। এছাড়া আব্দুল্লাহর ফরম  
ফিলাপ হয়নি কেন- এর উত্তরে তিনি  
দাবি করেন, ওই শিক্ষার্থীর ফরম  
ফিলাপ সংক্রান্ত বিষয় কোন  
শিক্ষকের জানা নেই।